

আজকের রাশিফল

॥ ৯ অক্টোবর, মঙ্গলবার, ২০০৭ ॥

পাশ্চাত্য জ্যোতিষ পদ্ধতি অনুযায়ী রবি তুলা রাশিতে অবস্থান করছে। আজ যদি আপনার জন্মদিন হয় তবে পাশ্চাত্য জ্যোতিষে আপনি তুলা রাশির জাতক/ জাতিকা। আপনার জন্মসংখ্যা ৯। আপনার উপর প্রভাবকারী গ্রহ শুক্র ও মঙ্গল। আপনার শুভ সংখ্যাঃ ৯, ১৮, ২৭। শুভ বারঃ মঙ্গল ও শুক্র। শুভবর্ণঃ সাদা, লাল, কমলা। শুভ রত্ন : হীরা, প্রবাল ও পান্না।

প্রকৃতিগতভাবে আপনি আবেগপ্রবণ, উদ্যোগী, সাহসী ও জঙ্গী। নিজের নীতি ও ধ্যান ধারণার পক্ষে বলিষ্ঠ বক্তব্য রাখতে আপনার কোন সংকোচ নেই। আপনার বিতর্কপ্রিয়তা জন্ম দিতে পারে অনেক বিরোধীতা, বাধা ও শত্রুতার। আপনার সাংগঠনিক ক্ষমতা রয়েছে। নিজের পথ নিজেই পরিষ্কার করে নিতে চান। সাফল্য ও শান্তির জন্য আপনাকে আরও কুশলী হতে হবে।

জন্মগ্রহণকারী বিশিষ্ট ব্যক্তিত্ব : জন লেনন, ইলোরা গওহর, শিরীন রহমান ও ডেইজী আহমেদ প্রমুখ।

দ্বাদশ রাশির পূর্বাভাস



মেঘ রাশি (২১ মার্চ-২০ এপ্রিল) ॥ কোন ব্যাপারে সিদ্ধান্তহীনতায় ভুগতে পারেন। হঠাৎ উত্তেজিত হতে পারেন। মাথা ঠাণ্ডা রেখে কাজ করে যান সফলতা পাবেন। দাম্পত্য দিক ভালো যাবে।



বৃষ রাশি (২১ এপ্রিল-২০ মে) ॥ বিপরীত লিঙ্গের কারো দ্বারা ক্ষতিগ্রস্ত হতে পারেন। মানসিক দিক ভালো যাবে না। বিক্রয় বাণিজ্যে লাভযোগ আছে। আত্মিক উন্নতিতে সফলতা অর্জন করতে পারেন। প্রাপ্তি যোগ আছে।



মিথুন রাশি (২১ মে-২০ জুন) ॥ আর্থিক চিন্তা অনেকটা কমে আসবে। ব্যবসায়িক দিক ভালো যাবে। বিদ্যার্থীদের জন্য দিনটি শুভ। নতুন বিনিয়োগ শুভ। রোমাস শুভ।



কর্কট রাশি (২১ জুন-২০ জুলাই) ॥ সুগন্ধি, সুখাদ্য ও বিলাসদ্রব্য কেনাকাটা হতে পারে। কর্মে ভাগ্যের সহায়তা পেতে পারেন। আত্মীয়-স্বজনদের সাথে আনন্দে সময় কাটবে। আর্থিক ক্ষেত্রে অন্যের সহযোগিতা পেতে পারেন। প্রিয় সান্নিধ্য আনন্দদায়ক হয়ে উঠবে।



সিংহ রাশি (২১ জুলাই-২১ আগস্ট) ॥ বিদ্যার্থীদের জন্য দিনটি শুভ। প্রতিভা বিকাশের সুযোগ পেতে পারেন। অসুস্থদের আরোগ্য লাভের সম্ভাবনা রয়েছে। সম্ভাব্য ক্ষেত্রে সন্তান লাভের যোগ আছে। ভ্রমণ শুভ।



কন্যা রাশি (২২ আগস্ট-২২ সেপ্টেম্বর) ॥ সাংগঠনিক কর্মতৎপরতা বৃদ্ধি পেতে পারে। ব্যবসায়িক ক্ষেত্রে নতুন সুযোগ সৃষ্টি হতে পারে। পারিবারিক দিক শুভ। সম্ভাব্যক্ষেত্রে সন্তান লাভের যোগ আছে। শরীর ভালো যাবে।



তুলা রাশি (২৩ সেপ্টেম্বর-২২ অক্টোবর) ॥ কোন হারানো দ্রব্য খুঁজে পেতে পারেন। বিদ্যার্থীদের জন্য দিনটি শুভ। ব্যবসায়িক দিক ভালো যাবে। অসুস্থদের আরোগ্য লাভের সম্ভাবনা রয়েছে। যোগাযোগ শুভ।



বৃশ্চিক রাশি (২৩ অক্টোবর-২১ নভেম্বর) ॥ সমস্যা সমাধানে বন্ধুর সহযোগিতা পেতে পারেন। বিক্রয় বাণিজ্যে লাভ যোগ আছে। সন্তানের স্বাস্থ্যগত সমস্যা দেখা দিতে পারে। বিদ্যার্থীদের জন্য দিনটি শুভ। প্রাপ্তি যোগ আছে।



ধনু রাশি (২২ নভেম্বর-২০ ডিসেম্বর) ॥ মাতৃ স্বাস্থ্য খুব একটা ভালো যাবে না। প্রয়োজনে চিকিৎসকের পরামর্শ নিন। কর্মজীবীদের জন্য দিনটি শুভ। পুরনো বন্ধুর সাথে যোগাযোগ আছে। প্রাপ্তি যোগ আছে।



মকর রাশি (২১ ডিসেম্বর-১৯ জানুয়ারী) ॥ দাম্পত্য দিক ভালো যাবে। ব্যবসায়িক ক্ষেত্রে নতুন সুযোগ সৃষ্টি হতে পারে। বিদ্যার্থীদের জন্য দিনটি শুভ। সম্ভাব্যক্ষেত্রে অবিবাহিতদের বিয়ের যোগ আছে। যাত্রা ও যোগাযোগ শুভ।



কুম্ভ রাশি (২০ জানুয়ারী-১৮ ফেব্রুয়ারী) ॥ মানসিক দিক ভালো যাবে। শত্রুপক্ষ আজ আপনার কোন ক্ষতি করতে পারবে না। বেকারদের কর্মসংস্থান প্রচেষ্টা সফল হতে পারে। গৃহে অতিথি সমাগম হতে পারে। প্রাপ্তি যোগ আছে।



মীন রাশি (১৯ ফেব্রুয়ারী-২০ মার্চ) ॥ আজ কোন ব্যাপারে দ্বিধা-দ্বন্দ্ব ভুগতে পারেন। অযথা হয়রানীর সম্মুখীন হতে পারেন। দাম্পত্য শান্তি বজায় থাকবে। সম্ভাব্যক্ষেত্রে অবিবাহিতদের বিয়ের যোগ আছে। কর্মোন্নতির যোগ রয়েছে।

□ মুহম্মদ আনিসুল হক